# মুখতাসার সহীহ আল-বুখারী

## হাদিস নাম্বারঃ ২৫৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৯৫]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আল্লাহর বাণীঃ মাকামে ইবরাহীমকে নামাযের স্থান হিসাবে গ্রহণ কর

بَاب قَوْلِ اللَّهِ تَعَالَى (وَاتَّخِذُوا مِنْ مَقَامِ إِبْرَاهِيمَ مُصَلًّى)

---

আরবী

عَنْ ابْنِ عُمَرَ أَنَّهُ سُئِلَ عَنْ رَجُلٍ طَافَ بِالْبَيْتِ الْعُمْرَةَ وَلَمْ يَطُفْ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ أَيَأْتِي امْرَأَتَهُ فَقَالَ قَدِمَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَطَافَ بِالْبَيْتِ سَبْعًا وَصَلَّى خَلْفَ الْمَقَامِ رَكْعَتَيْنِ وَطَافَ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ وَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ

বাংলা

২৫৪) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, তাঁকে এমন এক ব্যক্তি সম্পর্কে জিজ্ঞেস করা হল যে কাবা ঘরের তাওয়াফ করেছে কিন্তু সাফা ও মারওয়ার সায়ী করেনি। সে কি তার স্ত্রীর সাথে সহবাস করতে পারবে? ইবনে উমার (রাঃ) বলেনঃ একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কায় এসে সাতবার কাবা ঘরের তাওয়াফ করলেন এবং মাকামে ইবরাহীমের পিছনে দু’রাকআত নামায পড়লেন। তারপর সাফা ও মারওয়ার মাঝখানে সায়ী করলেন। তোমাদের জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবনীতে উত্তম আদর্শ রয়েছে।

টিকাঃ অর্থাৎ সাফা ও মারওয়ার মাঝে সায়ী না করা পর্যন্ত কেউ স্ত্রীর সাথে সহবাস করতে পারবেনা। যেহেতু এটি হজ্জ-উমরার ফরয কাজের অন্তর্ভূক্ত। ফরয কাজ বাদ রেখে কেউ ইহরাম অবস্থা থেকে হালাল হতে পারেনা। আর হালাল না হওয়া পর্যন্ত যেহেতু মিলনসহ ইহরামের সাথে সম্পৃক্ত যে কোন নির্দিষ্ট কাজ করা বৈধ নয়, তাই ইহরাম অবস্থায় মিলনও অবৈধ।

## English

The Statement of Allah " And take you (people) the Maqam (place) of Ibrahim (Abraham) (or the stone on which Abrahim stood while he was building the Kabah as a place of prayer (for some of your Salat e.g., two Raka after the Tawaf of Kabah)"

Narrated `Amr bin Dinar:

I asked Ibn `Umar, "Can a person who has performed the Tawaf around the

Ka`ba for `Umra but has not performed the (Sa`i) Tawaf of Safa and Marwa, have a sexual relation with his wife?" Ibn `Umar replied "When the Prophet (ﷺ) reached Mecca he performed the Tawaf around the Ka`ba (circumambulated it seven times) and offered a two-rak`at prayer (at the place) behind the station (of Abraham) and then performed the Tawaf (Sa`i) of Safa and Marwa, and verily in Allah's Messenger (ﷺ) you have a good example." Then we put the same question to Jabir bin `Abdullah and he too replied, "He should not go near his wife (for sexual relation) till he has finished the Tawaf of Safa and Marwa."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89552

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন